দর্শনায় ২ লিটার বাংলামদসহ শম্ভু দাস আটক

চুয়াডাঙ্গার দর্শনায় ২ লিটার বাংলামদসহ শ্রী শম্ভু দাস (৩৮) নামের এক ব্যক্তিকে আটক করেছে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ সময় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তাকে ১ মাসের কারাদণ্ড ও ২শ টাকা জরিমানা করা হয়।

দণ্ডপ্রাপ্ত শম্ভু দাস বলদিয়া গ্রামের নীলমণি দাসের ছেলে। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. সাদাত হোসেন। আজ মঙ্গলবার (০৫ ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে দর্শনা বলদিয়ায় এ অভিযান পরিচালনা করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদাত হোসেনের নেতৃত্বে ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরিয়তউল্লাহ, পরিদর্শক নাজমুল হোসেন খান, উপ-পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন মঙ্গলবার সকালে দর্শনা থানাধীন বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় বলদিয়া গ্রামের শ্রী শম্ভু দাসের বাড়ি থেকে ৩ লিটার রেক্টিফাইড স্পিরিটসহ তাকে আটক করা হয়। পরে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদাত হোসেন ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে তাকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২ শ টাকা জরিমানা করেন।

মেহেরপুরে নাশকতার অভিযোগে ২ জামায়াত নেতা আটক

নাশকতা মামলায় মেহেরপুরে জামায়াত ইসলামের পৌর শাখার দুই নেতাকে গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার (২২ নভেম্বর) ভোরে মেহেরপুর সদর উপজেলার কোলা গ্রামের

কড়াইতলা নামক স্থানে জামায়েত ইসলামের ঝটিকা মিছিল করে ফেরার পথে শহরের কোর্ট মোড় থেকে তাদের গ্রেফতার করে মেহেরপুর সদর থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড পাড়ার মির্জা আজমের ছেলে ও পৌর জামায়াতের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান
(৫০) ও মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের বড় মসজিদ পাড়ার ইসলাম শেখের ছেলে জাহাঙ্গীর হোসেন (৩২)।

জেলা পুলিশের একটি সূত্র জানিয়েছে আটককৃতদের বিরুদ্ধে নাশকতার অভিযোগে মামলা রয়েছে। আদালতে সোপর্দ করার মাধ্যমে তাদের জেলা কারাগারে পাঠানো হয়েছে।

গাংনীতে গাঁজাসহ মাদক সেবনকারী আটক

মেহেরপুরের গাংনীতে ১শত গ্রাম গাঁজাসহ মাফিক নামের এক মাদক সেবনকারীকে আটক করেছে বামন্দী ক্যাম্প পুলিশ।

আটকৃত মাফিক (২৫) উপজেলার ছাতিয়ান শেখ পাড়ার মিয়ার রহমানের ছেলে।

আজ রবিবার (১২ অক্টোবর) বিকাল সাড়ে ৪ টার দিকে বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই শরিফুল ইসলাম ও এএসআই শরিফুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে মাদক কারবারি মাফিককে আটকরে।

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ শরিফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বামন্দী-রামগর সড়কের আল-ফালা ক্লিনিকের সামনে থেকে তার দেহ তল্লাশী করে পরনে থাকা প্যান্টের ডান পকেট থেকে পলিথিনে মোড়ানো অবস্থা (২০ পোটলা) ১০০ গ্রাম গাঁজার উদ্ধার করা হয়। তাকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলাদায়ে পূর্বক জেল হাজতে প্রেরণ করা হবে।

ঝিনাইদহে ৪০ লিটার চোলাই মদসহ আটক ১

ঝিনাইদহে ৪০লিটার দেশীয় চোলাই মদসহ শুপলাভ বিশ্বাস নামের এক মাদক বিক্রেতাকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।আজ শনিবার সকালে সদর উপজেলার ভূপতিপুর এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত শুপলাভ বিশ্বাস সদর উপজেলার হাটগোপালপুর লোহাজঙ্গা গ্রামের সুশান্ত বিশ্বাসের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি মোহাম্মদ জুয়েল ইসলাম জানান, আটককৃত শুপলাভ বিশ্বাস দীর্ঘদিন ধরে সদর উপজেলার বিভিন্ন এলাকায় দেশীয় চোলাই মদ বিক্রি করে আসছিল। আমাদের একটি আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ভূপতিপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে ৪০ লিটার দেশীয় চোলাই মদসহ আটক করে।

আটককৃত ব্যক্তির বিরুদ্ধে সদর থানায় সংশ্লিষ্ট আইনে মামলা দায়ের করে আদালতে সোপর্দ করার প্রস্তুতি চলছে।

মেহেরপুর জেলা কৃষক দলের সাধারণ সম্পাদক আটক

মেহেরপুর জেলা কৃষক দলের সাধারণ সম্পাদক মিজানুর রহমান কে আটক করেছে গাংনী থানা পুলিশ।মিজানুর রহমান গাংনীর হিন্দা গ্রামের স্কুল পাড়ার মৃত খায়ের শেখের ছেলে।

আজ মঙ্গলবার (৭ নভেম্বর) সকালে একটি বিশেষ অভিযানে গাংনীর হিন্দা গ্রামের স্কুলপাড়া থেকে তাকে আটক করে গাংনী থানা পুলিশ।

গাংনী থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম বলেন, নাশকতা পরিকল্পনার

অভিযোগে দায়েরকৃত বিশেষ ক্ষমতা আইনের একটি মামলায় তাকে আটক করে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে র্যাবের অভিযানে নাশকতা মামলার আসামি আটক

মেহেরপুরে একটি নাশকতা মামলার আসামি হাশেম আলীকে (৪৫) আটক করেছে র্যাব।

র্যাব-১২ গাংনী ক্যাম্পের এক অভিযানে শনিবার (৪ নভেম্বর) বিকেলে মেহেরপুরের ইছাখালী থেকে তাকে আটক করা হয়। হাশেম আলী ইছাখালী গ্রামের এলেজ আলীর ছেলে এবং স্থানীয় বিএনপি কর্মী।

র্যাব-১২ গাংনী ক্যাম্পের প্রেস রিলিজে জানানো হয়েছে, (২ নভেম্বর) ভোরে মেহেরপুর সদর উপজেলার ইছাখালী গ্রামের তিন রাস্তার মোড়ে বিএনপির উচ্ছৃঙ্খল নেতাকর্মীদের সরকার উৎখাতের বিষয়ে নাশকতা মূলক কর্মকান্ড করছিলো এমন অভিযোগ এনে মেহেরপুর সদর থানার এসআই রেজোয়ানুল হক বাদী হয়ে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩)/২৫ ডি ধারায় মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন সহ ২০ জনের নাম উল্লেখপূর্বক আরো ৮০ জন অজ্ঞাত আসামীর বিরুদ্ধে একটি মামলা দায়ের করে। ওই মামলার ১১ নং আসামি হাশেম আলী।

র্যাব প্রেস রিলিজে আরও জানায় , র্যাব ১২ গাংনী ক্যাম্প কমান্ডার এএসপি মনিরুজ্জামানের নেতৃত্বে অভিযান পরিচালিত হয়।

জীবননগরে পুলিশের অভিযানে সাবেক চেয়ারম্যান আটক

জীবননগর থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে জীবননগর থানা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি ও উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আটক করেছে পুলিশ।

গতকাল শুক্রবার দিবাগত রাতে গোপন তথ্যের ভিত্তিতে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)এস.এম. জাবীদ হাসানের নেতৃত্বে জীবননগর থানার এসআই(নি:) মোঃ সিরাজুল ইসলাম, সঙ্গীয় অফিসার ফোর্সসহ উথলী ইউনিয়নে বিশেষ অভিযান পরিচালনা করে রাত ০৩.৪৫ শের সময় জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সেনের হুদা এলাকা থেকে সেনেরহুদা গ্রামের মৃত আফসার আলীর ছেলে উথলী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জীবননগর উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আবুল কালামকে(৫৮) আটক করে পুলিশ। যার জীবননগর থানার মামলা নং ২৬।

ঝিনাইদহে বিএনপি-জামায়াতের ২৬ নেতাকর্মী আটক

ঝিনাইদহে নাশকতা প্রতিরোধে পুলিশের বিশেষ অভিযানে বিএনপি-জামায়াতের নেতাকর্মীসহ ২৬ জনকে আটক করেছে পুলিশ। রবিবার সকাল থেকে বিকাল পর্যন্ত অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

পুলিশ জানায়, জেলার ৬টি উপজেলায় নাশকতাবিরোধী বিশেষ অভিযান শুরু করা হয়েছে। এরই অংশ হিসাবে সদর ৭, হরিণাকুণ্ডু ৩, কালীগঞ্জ ৫, কোটচাঁদপুর ২ ও মহেশপুর উপজেলা থেকে ৯ জন বিএনপি-জামায়াত নেতাকর্মীকে আটক করে পুলিশ সদস্যরা।

এর মধ্যে সদরে ১ জন ও মহেশপুরে ২ জন জামায়াত কর্মী রয়েছে বলে সংশ্লিষ্ট অফিসার ইনচার্জ নিশ্চিত করেন।

মুজিবনগরে ভারতীয় পেঁয়াজবীজ সহ আটক-১



মুজিবনগর থানায় আটক সেলিম
জাহাঙ্গীর

মেহেরপুরের মুজিবনগরে ভারতীয় পেঁয়াজের বীজ সহ সেলিম জাহাঙ্গীর নামের এক চোরাকারবারিকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। শনিবার (২১ অক্টোবর) ভোর সাড়ে চারটার সময় মুজিবনগর উপজেলার মাঝপাড়া গ্রাম থেকে সেলিম জাহাঙ্গীরকে সাত বস্তা ভারতীয় পেঁয়াজের বীজসহ আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। উদ্ধারকৃত পিঁয়াজ বীজের আনুমানিক বাজার মূল্য ২ লক্ষ ২৪ হাজার টাকা।
মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, গোপন খবরের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই ইসরাফিলের নেতৃত্বে পুলিশের একটি দল বিশেষ অভিযানে মুজিবনগরের মাঝপাড়া গ্রামের মৃত ছমীর উদ্দিনের ছেলে বাবর আলীর বাড়ির সামনে থেকে সাত বস্তা ভারতীয় পেঁয়াজবীজ সহ সেলিম জাহাঙ্গীর নামের এক চোরাকারবারীকে আটক করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে সেলিম জাহাঙ্গীরের ৩-৪ জন সহযোগী পালিয়ে যায়।
এ সময় তাদের মাধ্যমে চোরাচালান হয়ে আসা ৫৬ কেজি পেঁয়াজ বীজ জব্দ করে মুজিবনগর থানা পুলিশ।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান, ‘সীমান্ত

দিয়ে ভারতীয় পেঁয়াজ বীজের একটি চালান অবৈধভাবে আসছে এমন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালিয়ে একজন চোরা কারবারিকে আটক করা হয়েছে। তার সহযোগীদের আটকের চেষ্টা চলছে। এ বিষয়ে একটি মামলা দায়ের পূর্বক সেলিম জাহাঙ্গীরকে আদালতে সোপর্দ করা হয়েছে।’

মেহেরপুর ডিবির অভিযানে মুজিবনগরে ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) মুজিবনগরে অভিযান চালিয়ে ২ মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আজ বৃহস্পতিবার সন্ধ্যা সোয়া সাতটার দিকে মুজিবনগর উপজেলার জয়পুর তারানগর এলাকা থেকে মাজেদুল ইসলাম (৩০) ও বিপ্লব আলী(১৯) কে ২০ বোতল ফেন্সিডিল সহ আটক করে ডিবি পুলিশ। আটক মাজেদুল ইসলাম জয়পুর গ্রামের আব্দুল মজিদের ছেলে ও বিপ্লব আলী একই এলাকার নজরুল ইসলামের ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে গোপন খবরের ভিত্তিতে এসআই উত্তম সহ ডিবি পুলিশের একটি টিম মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের তারানগর জয়পুর সড়কে অভিযান চালিয়ে মাজেদুল ও বিপ্লবকে ২০ বোতল ফেন্সিডিল সহ আটক করে।

ওসি ডিবি সাইফুল আলম জানান, আটককৃতদের মুজিবনগর থানায় সোপর্দ করা হয়েছ। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে একটি মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।